মেহেরপুরে ১০ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১০ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১০ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৭১ টি। তারমধ্যে ১০ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৩৮ জন। তার মধ্যে সদরে ৬১ জন, গাংনীতে ৫৩ জন এবং মুজিবনগরে ৩৯ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৭ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৬ জন ও মুজিবনগরে ৩৯ জন।

মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহের ৩য় দিনে মৎস্য চাষী ও মৎস্য জীবিদের সাথে মত বিনিময়

বেশি বেশি মাছ চাষ করি বেকারত্ব দূর করি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে,
জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ পালনের ৩য় দিনে উপজেলার বাগোয়ান ইউনিয়নের মৎস্য চাষী ও মৎস্য জীবিদের সাথে মতবিনিময় করেছে উপজেলা মৎস্য অফিস।
সোমবার সকাল সাড়ে১১টার সময় মুজিবনগর উপজেলা মৎস্য অফিসের আয়োজনে জয়পুর তারানগর স্কুলে এ মতবিনিময় সভা করা হয়।
মতবিনিময় সভায় উপজেলা,সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা(অঃদা)শহিদুল ইসলাম এর সভাপতিত্বে উপস্হিত ছিলেন,উপজেলা মৎস্য সম্প্রসারন কর্মকর্তা নাজমুস সাকিব,ক্ষেত্র সহকারী আহসান হাবিব এবং বাগোয়ান

ইউনিয়নের মৎস্যচাষী ও মৎস্যজীবিবৃন্দ।

মেহেরপুর পৌর কাউন্সিলর সোহেল রানা ডলার গ্রেফতার

মেহেরপুর পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও জেলা ছাত্রশিবিরের সাবেক সভাপতি মোঃ সোহেল রানা ডলারকে (৩৬) গ্রেফতার করেছে ডিবি পুলিশের একটি দল। ডিবি সূত্রে জানা গেছে গতকাল রবিবার রাতে ডিবির ওসি জুলফিকার আলীর নেতৃত্বে ডিবির এসআই হাবিবুর রহমান, এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই মাহতাব উদ্দিন, এএসআই হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে শহরের গোরস্থাানপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করে। মোঃ সোহেল রানা ডলার মেহেরপুর থানার মামলা নং ২২। তারিখ ২০/১২/২০২০। ধারা ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার এ্যাক্ট এর ১৫(৩)/২৫ ডি এর এজাহারনামীয় আসামী। মোঃ সোহেল রানা ডলার স্টেডিয়ামপাড়ার শামসুদ্দিনের ছেলে। তার বিরুদ্ধে নাশকতা ও দ্রুত বিচার আইনে একাধিক মামলা বিচারাধীন আছে বলে ডিবি জানিয়েছে।

মুজিবনগরে উপজেলা আওয়ামী লীগের সংবাদ সম্মেলন

উপজেলা আওয়ামী লীগের সভাপতিকে বাদ দিয়ে কমীর্ সমাবেশ করায় জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলুর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

সোমবার দুপুরে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের কাযার্লয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য দেন উপজেলা আওয়ামী

স্বেচ্ছাসেবক লীগ ও চার ইউনিয়নের নেতাকমীর্রা উপস্থিত ছিলেন।

ফ্রি ফায়ার,পাবজিতে ধ্বংস হচ্ছে কিশোর-তরুণরা

মেহেরপুর জেলা শহর থেকে ৭ কিঃ মিঃ দূরে খোকসা গ্রাম। এই গ্রামের কদমতলা পাড়ার ব্রীজে বিকেল ৫ টার পর শুরু হয় কিশোর দের জটলা। সবার হাতেই মোবাইল ফোন আর তাদের মুখে নতুন নতুন শব্দ। “ ডানে বামে মার মার গুলু ওয়াল, এনিমি,রিভাইব দে ভাই, “বিকেল বেলা যখন মাঠে খেলার কথা সেই মাঠে এখন মোবাইল হাতে তাদের দুই আঙ্গুল দিয়ে চলছে ঝড়ের গতি। গ্রামের অষ্টম শ্রেণীর ছাত্র বেল্টু জানায়, স্কুল খোলা না থাকায় বিকেলের অবসর সময়ে তারা খেলছে। তাদের সাথে কথা বলার সময় ভিড় জমালেন কিছু অভিভাবক তাদের মুখে অভিযোগের সুর লিটন নামের এক অভিভাবক জানান এই স্কুল বন্ধের পর থেকে তাদের গ্রামের ছেলেরা মোবাইলে বেশি আসক্ত হয়ে পড়েছে। মোবাইল কিনে দেওয়ার জন্য বাড়িতে চাপ দিচ্ছে। অনেকে বাধ্য হয়ে ঋণ এর কিস্তি তুলে ছেলেদের মোবাইল কিনে দিচ্ছেন। এখানেই শেষ না। মোবাইল কেনার পর শুরু হয় আসল সমস্যা প্রায় প্রতিদিন ই এমবি কেনার জন্য তারা বাড়ি থেকে টাকা নিচ্ছে। তাছাড়া গেইম এর পোশাক, নতুন নতুন অস্ত্র কেনার জন্য বিকাশে টাকার জন্য তাদের নানা রকম বাইনা। অবাক করা ব্যাপার হচ্ছে প্রাথমিক বিদ্যালয় এর ছাত্র রাও এই তালিকায় আছে।

পাশের শেখপাড়া গ্রামের দশম শ্রেণীর ছাত্র সাইম জানায়, তারা গেইম খেলে সুধু টাকা ব্যয় নয় আয় ও করছে। পুরাতন আইডি বিক্রি করে আইডি ভেদে ৫০০ টাকা থেকে ৬০ হাজার পর্যন্ত আয় করা যায়। অনেকে বিক্রি করছে। অষ্টম শ্রেণীর শিশির জানায়, ফেসবুক ও ইউটিউব এ গেইম লাইভ করা অনেকে তাদের পেশা হিসেবে নিয়েছে। তাই অবসরে গেইম খেলা খারাপ কিছু নয়।

গেইম বন্ধ হলে তাদের অর্জিত ডাইমন্ড সহ ডিজিটাল কালেকশন যেমন

হারাবে তেমনি বন্ধ হবে আইডি কেনা বেচা। তবে অভিভাবকরা বলছেন এই সমস্থ গেইম বন্ধ হলে বাচ্চারা পড়ালেখায় যেমন ফিরবে তেমনি বাচবে তাদের অনেক টাকা।

খোকসা গ্রামের মত মেহেরপুরের সব গ্রাম মহল্লায় ফ্রি—ফায়ার, পাবজি নামের অনলাইন গেম কিশোর—তরুণদের ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে।
এদিকে গেইম এর ডিজিটাল কারেন্সি ডাইমন্ড কিনতে দেশ থেকে হাজার হাজার কোটি টাকা দেশের বাইরে চলে যাচ্ছে। কিশোর দের বিপথে যাওয়া রুখতে হাইকোর্ট থেকে ফ্রি ফায়ার, পাবজি মোবাইল গেইম সহ টিকটক,লাইকি এর মত অ্যাপ বন্ধের নির্দেশ দিয়েছে।

এ আর বি ডিগ্রি কলেজের প্রভাষক আলগীর কবির বলেন, অনলাইন ক্লাসের জন্য মোবাইল ব্যবহার শুরু করার পর এখন ছাত্ররা মোবাইল গেইম এ আসক্ত হয়ে পড়েছে। গেমে আসক্ত হওয়ার ফলে লেখাপড়া মনোযোগ নষ্ট হচ্ছে। আদালত এর নির্দেশ থাকলেও এটা এখনো বন্ধ হয়নি। সরকারের উচিৎ এসকল গেম দ্রুত বন্ধ করা। মোবাইল না কিনে দেওয়ায় অনেক ছেলেরা বাবাদের সাথে খারাপ আচরণ শুরু করেছে বলে শুনতে পাওয়া যাচ্ছে।
এ বিষয়ে মেহেরপুর সদর উপজেলা নিবার্হী কর্মকর্তা আসাদুজ্জামান রিপন মেহেরপুর প্রতিদিনকে বলেন, হাইকোর্টের নির্দেশনা এখনো আমাদের হাতে পৌছায়নি। নির্দেশ পেলেই যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে ৬ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর ২ জন, গাংনী ২ জন, মুজিবনগর ২ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১০৭ টি। তারমধ্যে ৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৪০ জন। তার মধ্যে সদরে ৫৭ জন, গাংনীতে ৫৯ জন এবং মুজিবনগরে ২৪ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৭ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৬ জন ও মুজিবনগরে ৩৯ জন।

অসাম্প্রদায়িক রাষ্ট্র গড়ে তোলাই ছিল বঙ্গবন্ধুর লক্ষ্য-ফরহাদ হোসেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, যারা কখনোই এদেশের স্বাধীনতা চায়নি, তারাই বঙ্গবন্ধুকে নির্মমভাবে হত্যা করেছে। তারা ৭৫—এর ১৫ আগস্টের পর এ দেশের মানুষের মন থেকে বঙ্গবন্ধু আর মুক্তিযুদ্ধের ইতিহাসকে মুছে ফেলতে চেয়েছিল। তারা বারবার ইতিহাস বিকৃতির চেষ্টা করেছে। বঙ্গবন্ধু একটি বৈষম্যহীন সমাজ গড়ে তুলতে চেয়েছিলেন। তিনি অর্থনৈতিক,সামাজিক—রাজনৈতিকসহ সব ক্ষেত্রে সমতা প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করে গেছেন।একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র গড়ে তোলাই ছিল বঙ্গবন্ধুর লক্ষ্য।

রবিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে জেলা প্রশাসন ও জেলা মৎস্য অফিসের আয়োজনে অনুষ্ঠিত জাতীয় মৎস সপ্তাহ—২০২১ পুরস্কার বিতরণ ও মাছের পোনা অবমুক্তরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, জেলা মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়া, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি হাসানুজ্জামান মালেক প্রমুখ।

এসময় সদর উপজেলার বিভিন্ন মৎস চাষীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পরে কামদেবপুর মরাগাঙে মাছের পোনা ও ভৈরব নদের পাশ দিয়ে গাছের চারা রোপন করা হয়।

জাতীয় মৎস্য সপ্তাহের ২য় দিনে জলাশয়ে মাছ অবমুক্তকরন

বেশি বেশি মাছ চাষ করি বেকারত্ব দূর করি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে,
জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষে ২য় দিনে গুরুত্বপূর্ন জলাশয়ে মাছ অবমুক্তকরন করেছে উপজেলা মৎস্য অফিস।
রবিবার সকালে মুজিবনগর উপজেলার ভবেরপাড়া মিশন এতিমখানা পুকুরে এ সকল মাছের পোনা অবমুক্ত করা হয়।
এ সময় উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার,উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অঃদা)শহিদুল ইসলাম,উপজেলা মৎস্য সম্প্রসারন কর্মকর্তা নাজমুস সাকিব,ক্ষেত্র সহকারী আহসান হাবিব প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনী ২ জন, মুজিবনগর ১ জন।

শনিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৩৩ টি। তারমধ্যে ৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৪৪ জন। তার মধ্যে সদরে ৬০ জন, গাংনীতে ৫৮ জন এবং মুজিবনগরে ২৬ জন। এ

পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৭ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৬ জন ও মুজিবনগরে ৩৯ জন।

আমদাহ ইউনিয়ন আওয়ামীলীগের আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে আমদাহ ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার দুপুরের দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এই আলোচনা সভার আয়োজন করা হয়।
আমদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি কাজী শরিফুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। এই আলোচনা সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, আশরাফপুর আওয়ামী লীগের সভাপতি মোঃ মনরুদ্দিন, আমদাহ ইউনিয়নের চেয়ারম্যান আনোয়ারুল ইসলাম, আমদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম কিবরিয়া সহ বিভিন্ন নেতা কর্মীরা সেখানে উপস্থিত ছিলেন ।